গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
**www.copyrightoffice.gov.bd**

স্মারক: ৪৩.২৯.০০০০.০০১.০৩.১১৭.১১. ২২৬ তারিখ: ০৭ আশ্বিন ১৪২৮
২২ সেপ্টেম্বর ২০২১

**বিষয়: <u>২০২০-২০২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ।</u>**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক: ৪৩.০০.০০০০.১১১.১৬.০০৫.২১.১৮৩, তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ কপিরাইট অফিসের তথ্যাদি ছক মোতাবেক (হার্ড কপি ও সফটকপি) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

22.07.21

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অব কপিরাইটস
ফোন: ৪৮১১৫৩৮৬
ই-মেইল: registrar@copyrightoffice.gov.bd

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-১ শাখা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

বিষয় : কপিরাইট অফিসের সংক্ষিপ্ত পরিচিতি।

কপিরাইট অফিসের কার্যাবলী কপিরাইট আইন-২০০০ (২০০৫ সালে সংশোধিত) অনুযায়ী পরিচালিত হয়। কপিরাইট হচ্ছে সৃজনশীল ব্যক্তিবর্গের সৃষ্টকর্মের উপর তাঁদের অধিকার। কপিরাইট আইন বাস্তবায়নের মাধ্যমে নির্মাতা/রচয়িতাদের সৃজনশীল কর্মসমূহের স্বত্বের সুরক্ষা প্রদান করা হয়। সৃজনশীল ব্যক্তিবর্গের মেধাশক্তির সুরক্ষা, সৃজনশীল কর্মে তাদের উৎসাহ বৃদ্ধি এবং সার্বিকভাবে কপিরাইট সংক্রান্ত পাইরেসি রোধকরণের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন সাধনই কপিরাইট আইনের লক্ষ্য ও উদ্দেশ্য। বস্তুত:পক্ষে কপিরাইট রেজিস্ট্রেশন সাহিত্য, কম্পিউটার সফট্ওয়্যার, মোবাইল অ্যাপস, কম্পিউটার গেইম, সঙ্গীত, রেকর্ড (অডিও-ভিডিও), ই-মেইল, ওয়েবসাইট, ইলেকট্রনিক যোগাযোগসহ অন্য কোন মাধ্যম, বেতার ও টেলিভিশন সম্প্রচার, চলচ্চিত্র, নাটক, স্থাপত্য নকশা, কার্টুন, চার্ট, ফটোগ্রাফ, বিজ্ঞাপন (ভিডিও, অডিও, পোস্টার, বিলবোর্ডসহ অন্যান্য), স্লোগান, থিম সং (Theme Song), ফেসবুক ফ্যান পেজ (Facebook Fan Page), এবং বিভিন্ন ধরণের শিল্পকর্মসহ ইত্যাদি সৃজনশীল কর্মের উন্নয়ন ও সংরক্ষণের বিষয়ে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে।

২। কপিরাইট রেজিস্ট্রেশনের সাধারণ সুবিধা:

- নৈতিকভাবে আবহমানকাল ধরে মেধাসম্পদের প্রণেতা হিসেবে আইনগত স্বীকৃতি;
- উত্তরাধিকার সূত্রে মালিকানার স্বত্ব নিশ্চিত হয়;
- মেধাসম্পদ বিভিন্ন পন্থায় উৎপাদন, বিক্রয়, বাজারজাতকরণ, লাইসেন্স প্রদান এবং জনসম্মুখে প্রদর্শনীর ক্ষেত্রে একচ্ছত্র অধিকার;
- মেধাসম্পদের কপিরাইট রেজিস্ট্রেশন সনদ যে কোন আদালতে মালিকানা সংক্রান্ত উদ্ভূত জটিলতার ক্ষেত্রে প্রমাণক হিসেবে কার্যকর;
- একক স্বত্বাধিকারের কপিরাইট রেজিস্ট্রিকৃত পণ্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র বা বিজ্ঞাপন আহবান কিংবা দরপত্রের প্রয়োজনীয় জামানত দাখিল করার প্রয়োজন হয় না; ফলে একক স্বত্বাধিকারী একমাত্র দরপত্র দাতা হিসেবে সরকারি প্রতিষ্ঠান সমূহে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে একচ্ছত্র অধিকার ভোগ করেন (পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ ধারা ৭৬);
- কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মেধাসম্পদ এর অবৈধ ব্যবহারের ক্ষেত্রে প্রশাসনিক, ফৌজদারি ও দেওয়ানী আদালতে আইনগত প্রতিকার লাভে সহায়ক হয়;
- বাণিজ্যিক উদ্দেশ্যে ইউটিউবসহ বিভিন্ন ডিজিটাল মিডিয়ায় সংগীত, নাটক, চলচ্চিত্র, ম্যাগাজিন অনুষ্ঠান ইত্যাদি আপলোড অথবা অভিযোগ দাখিলের ক্ষেত্রে কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মালিকানা স্বত্বের প্রমাণক হিসেবে দাখিল করা যায়;
- প্রতিষ্ঠানের পরিচিতি/ স্বকীয়তা তথা সুনাম (Goodwill) কে সুরক্ষা প্রদান;
- বাংলাদেশ বিশ্ব মেধাসম্পদ সংস্থার সদস্য হওয়ায় কপিরাইট সনদ বিশ্বের যে কোন দেশে উক্ত দেশের প্রচলিত আইনের ভিত্তিতে অর্থনৈতিক ও নৈতিক অধিকার সংরক্ষণ করে।

৩। কপিরাইট অফিসের প্রধান কার্যাবলী :

ক) কপিরাইট সংক্রান্ত কর্মের রেজিস্ট্রেশন ও সনদপত্র প্রদান;
খ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে উদ্ভুত বিরোধসমূহ নিস্পত্তিকরণ;
গ) বিদেশী ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ/পুনঃ প্রকাশের লাইসেন্স প্রদান;
ঘ) সম্প্রচার সংক্রান্ত বিদেশী কর্মের বাংলায় অনুবাদ করার লাইসেন্স প্রদান;
ঙ) কপিরাইট রেজিস্ট্রিকৃত কর্মের অবৈধ কপি আমদানি বন্ধকরণ;
চ) সাহিত্যকর্ম/নাট্যকর্মের অনুবাদ, প্রকাশ কিংবা পুনরুৎপাদন এর লাইসেন্স প্রদান;
ছ) কপিরাইট সমিতি/ Collective Management Organaization (CMO) নিবন্ধন;
জ) কপিরাইট সংক্রান্ত রেজিস্ট্রিকৃত কর্মের নমুনা সংরক্ষণ;

ঝ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে সরকারকে সময়ে সময়ে পরামর্শ প্রদান;

ঞ) ইনোভেশন বা সৃজনশীল কার্যক্রমকে প্রনোদনা ও উৎসাহ প্রদান।

৪। ২০২০-২০২১ অর্থবছরের সম্পাদিত গুরুত্বপূর্ন কার্যাবলি :

- কপিরাইট রেজিস্ট্রেশনের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে বিগত ৪ বছরে কপিরাইট রেজিস্ট্রেশনের বাৎসরিক গড় সংখ্যা ছিল ৫৯৭টি। এ সংখ্যা ২০১৯ সনে বৃদ্ধি পেয়ে ৩২০৫টি হয়েছে। বিগত ২০২০ সনে এ সংখ্যা ৩৬২১টিতে উন্নীত হয়। এ বছর আগস্ট মাস পর্যন্ত এ সংখ্যা ছিল ২২৯৯ টি;
- লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কর্মসূচির পাইলট কার্যক্রম বাস্তবায়নের কর্মসূচি সমাপ্ত হয়েছে। এ কার্যক্রম ভবিষ্যতে সারা দেশের সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষায় বিশেষ কার্যকর ভূমিকা রাখবে;
- মেধাস্বত্বের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করে সরকার কর্তৃক ৪৬১০.৯৭ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশ কপিরাইট অফিসের জন্য একটি ১৩ তলা বিশিষ্ট ভবন নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। আশা করা হচ্ছে, ২০২২ সনের ৩০ জুনের মধ্যে এ ভবনের নির্মান কাজ সম্পন্ন হবে। এটি হবে বুদ্ধিবৃত্তিক মেধাসম্পদের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও নিজস্ব সংস্থার একটি নির্দিষ্ট কেন্দ্র ও ঠিকানা, যা Cultural Hub হিসেবে পরিনত হবে।
- দীর্ঘ ০৩ বছর ধরে সকল অংশীজন, সংশ্লিষ্ট সাংস্কৃতিক সংগঠন ও কপিরাইট বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ এবং বিভিন্ন দেশের আইন পর্যালোচনাক্রমে নতুন কপিরাইট আইন প্রণয়নের খসড়া চূড়ান্ত করা হয়েছে;
- অনুরোধক্রমে গুরুত্বপূর্ন ব্যক্তিত্ব ও মহিলা সেবা প্রার্থীদের কপিরাইট রেজিস্ট্রেশন কার্যক্রমের সহায়তার জন্য তাঁদের আবেদন ও প্রয়োজনীয় ডকুমেন্ট কপিরাইট অফিসের নিজস্ব বাহক মারফত সংগ্রহ এবং কপিরাইট সনদ পৌছে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- কপিরাইট ও রিলেটেড রাইট সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ অবদান রাখার জন্য ২০১৮ সন হতে মেধাসম্পদ সম্মাননা প্রবর্তন করা হয়েছে। ২০১৮ সনে দেশের শুদ্ধ সংগীত চর্চায় অবদান রাখার জন্য প্রথমবারের মতো বেঙ্গল ফাউন্ডেশনের মিজ লুভা নাহিদ চৌধুরীকে সম্মাননা দেয়া হয়। ২০১৯ সনে কপিরাইট রেজিস্ট্রেশন সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে ই-কপিরাইট সিস্টেম প্রণয়নে কারিগরি সহায়তা প্রদান করায় ইপসিতা কম্পিউটারস পাইভেট লিঃ কে, কাঠের গুড়ো থেকে কয়ের খড়ি শিরোনামে বিশেষ দাহ্য জ্বালানী তৈরির তাত্ত্বিক, প্রযুক্তিক ও যান্ত্রিক সৃজনশীল উদ্ভাবনের স্বীকৃতিস্বরুপ জনাব আনোয়ারুল আজিম খানে কে, কপিরাইট রেজিস্ট্রেশনকৃত সাংস্কৃতিক কন্টেন্ট ডিজিটাল প্ল্যাটফর্মে প্রকাশের মাধ্যমে স্বত্বাধিকারীর কপিরাইট-স্বত্ব সুরক্ষায় বিশেষ অবদানের জন্য লাইভ টেকনোলজিস লিমিটেড কে এবং কপিরাইট রেজিস্ট্রেশন সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে ই-কপিরাইট সিস্টেম প্রণয়নে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করায় এ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) কে মেধাসম্পদ সুরক্ষা সম্মাননা প্রদান করা হয়।
- কপিরাইট অফিসে ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে;
- দৃষ্টি প্রতিবন্ধী ও পঠন প্রতিবন্ধীদের বই পাঠের সংকট দূর করতে মারাকাশ ট্রিটি অনুমোদনের লক্ষ্যে প্রস্তাব প্রণয়ন;
- কিংবদন্তী কণ্ঠশিল্পী মরহুম আইয়ুব বাচ্চুর সংগীত জীবনের মেধাস্বত্ব সংরক্ষণ ও ডিজিটাল আরকাইভিংয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- বাংলাদেশ কপিরাইট অফিস ও সফটওয়্যার সেবামূলক প্রতিষ্ঠান মাস্টার একাডেমির যৌথ উদ্যোগে "মায়ের ভাষায় কম্পিউটার প্রোগ্রামিং" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে;
- কপিরাইট আইনের ৫৭ ধারা অনুসারে প্রথম বারের মতো কপিরাইট মেধাস্বত্ব দলিল রেজিস্ট্রেশন ফরম প্রস্তুত করা হয়েছে এবং তদনুসারে রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করা হয়েছে।


৫। ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা :

- অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রমের পূর্নাঙ্গ বাস্তবায়ন;
- কপিরাইট আইন, রেজিস্ট্রেশন ও পাইরেসি সংক্রান্ত স্টেক হোল্ডারদের মাঝে প্রচার জোরদারকরণ;


- নতুন কপিরাইট আইন প্রণয়ন;
- কপিরাইট ভবন নির্মাণ প্রকল্পের পূর্ণাঙ্গ বাস্তবায়ন;
- কপিরাইট সমিতিকে সক্রিয় করা;
- ১১ টি শুন্য পদ পূরণ ও কর্মকর্তা ও কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন;
- নিয়োগ বিধি সংশোধন;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ তৈরি;
- ওয়েব সাইট হালনাগাদকরণ;

৬। ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক আয়োজিত সেমিনার ও কর্মশালার ছবি :


- বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক আয়োজিত ডিজিটাল বাংলাদেশের আলোকে রক আইকন আইয়ুব বাচ্চু'র সংগীত জীবনের মেধাস্বত্ব নিশ্চিতকরণ এবং ডিজিটাল আর্কাইভিং- শীর্ষক সেমিনার গত ১৮ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।




- বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক আয়োজিত "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন উপলক্ষ্যে মুজিব : একজন অসাম্প্রদয়িক বাঙ্গালীল দর্শন" শীর্ষক সেমিনার গত ১৭ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।



➢ আন্তর্জাতিক কপিরাইট দিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক আয়োজিত "মেধাসম্পদ সুরক্ষায় কপিরাইটের গুরুত্ব" শীর্ষক সেমিনার গত ২৩ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।







22.07.21

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইটস